দৈনিক বাংলা

তারিখ ..06. SEP. 1990...
পৃষ্ঠা... ৭ ... কলাম ... ৫ ...

14

# সাতক্ষীরায় তিনদিন ধরে এসএসসি'র ফল বিক্রি হচ্ছে

।। নিজস্ব সংবাদদাতা ।।

সাতক্ষীরা, ৫ই সেপ্টেম্বর।– যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল সরকারীভাবে ঘোষণার আগেই সাতক্ষীরায় বেচা-কেনা হচ্ছে।

গত তিনদিন ধরে কালিগঞ্জ, তালা

(৪-এর পৃঃ দ্রঃ)

## সাতক্ষীরায় তিনদিন

(প্রথম পৃঃ পর)

ও সাতক্ষীরায় এই ব্যবসা পুরোদমে চলছে।

অভিযোগ প্রকাশ, এক শ্রেণীর টেবুলেটর গোপনে বোর্ডের গেজেট শীট সংগ্রহ করে। মুহুন্দি হাই স্কুল এবং সুজনশাহ গার্লস হাই স্কুলের দু'জন শিক্ষক এই ফলাফল বিক্রি করছেন। এর আগে তারা টেবুলেটরের কাজ করেন।

সাতক্ষীরা সরকারী হাই স্কুলের একজন শিক্ষকও তার ছেলের মাধ্যমে সাতক্ষীরা শহরের বাড়িতে এই ফলাফল বিক্রি করছেন।

ছাত্ররা জানায়, যারা ফল জানাচ্ছে তারা প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্রদের কাছ থেকে একশ টাকা, দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রদের কাছ থেকে ৫০ টাকা এবং যারা তৃতীয় বিভাগে পাস করেছে অথবা রেফার্ড পেয়েছে তাদের কাছ থেকে ২০ টাকা করে নিচ্ছে।

পাসকরা ছাত্ররা মিষ্টি বিতরণ করছে আর যারা ফেল করেছে তাদের মন খারাপ ও কাঁদতে দেখা গেছে।